

(2)

Ex./BANGLA/PG/4.55A/2018

অথবা

৪. রবীন্দ্রনাথ-কৃত 'গীতাঞ্জলি'-পরবর্তী অনুবাদ পাশ্চাত্যে কী ধরনের প্রতিক্রিয়া জাগিয়েছিল? রবীন্দ্রসাহিত্যচর্চায় দেশে ও বিদেশে এই অনুবাদসমূহ গুরুত্বপূর্ণ কেন? ১০

৫. 'বিসর্জন' নাটকটি প্রকাশের পর বারবার বদলেছে, বারবার প্রকাশ পেয়েছে। কেন এই বদল, তার কারণ কী কী হতে পারে? ১০

অথবা

৬. 'রক্তকরবী' নাটকের পাঠবদলে নাট্যাংশের স্থানান্তর ও সংলাপের গ্রহণবর্জনের চিত্তাকর্ষক ইতিহাস সংক্ষেপে লেখো। ১০

৭. রবীন্দ্রনাথের চিঠিপত্রের একটি নতুন সংকলনের সম্পাদনাভার যদি তোমাকে দেওয়া হয়, সেই কাজে কোন্ কোন্ বিষয় তোমাকে বিশেষভাবে খেয়াল রাখতে হবে, সংক্ষেপে জানাও। ১০

অথবা

৮. রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থগুলি সম্পাদনা করবার কাজে মূল সমস্যা কী কী, বুঝিয়ে লেখো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

রবীন্দ্রনাথ বিবিধ

কোর্স পি.জি - ৪.৫৫এ

সময় ২ ঘন্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. কোনো পত্রিকার সম্পাদনাই রবীন্দ্রনাথ দীর্ঘকাল যাবৎ চালিয়ে নিয়ে যাননি, কিন্তু বারবার নতুন-নতুন পত্রিকার সম্পাদনাকাজের সঙ্গে যুক্ত হতে চেয়েছেন উৎসাহভরে। এই কথাটি মনে রেখে পত্রিকা-সম্পাদক হিসেবে রবীন্দ্রনাথের একটি মূল্যায়ন করো। ১০

অথবা

২. 'বাংলা কাব্য পরিচয়' বইটির সম্পাদনা প্রসঙ্গে বুদ্ধদেব বসু বলেছিলেন বইটি 'বোবা ও ব্যর্থ'। তুমি কি এই বিশেষণ-দ্বয়ের সঙ্গে সহমত হবে? বুঝিয়ে লেখো। ১০

৩. রবীন্দ্রনাথ তাঁর লেখার অনুবাদের সময় যথেষ্ট স্বাধীনতা নিতেন। সেই 'স্বাধীনতা'র কারণে অনূদিত কবিতাগুলিতে কি নতুন রচনার স্বাদ পাওয়া যায়? ইংরেজি 'গীতাঞ্জলি' বইটির সাপেক্ষে তোমার সিদ্ধান্ত ব্যাখ্যা করো। ১০

(Turn Over)